



নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১
চকবিরাম, নওগাঁ।

ফোন ০২৫৮৭৭৪৭৩২৭
e-mail : naogaonpbs1 @ gmail.com
Web : www. pbs1.naogaon.gov.bd

স্মারক নং- ২৭.১২.৬৪০০.৫৩৬.০১.০০৮.২৪. ২০৫৭

তারিখ- ০৯ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ।
২৩ মার্চ, ২০২৪ খ্রিঃ।

“ নিলাম বিজ্ঞপ্তি ”

নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর ষ্টোরে রক্ষিত প্যাকিং কাঠ এবং কন্ডাকটরের খালি ড্রাম (জ্বালানী হিসাবে ব্যবহারযোগ্য) যেখানে যে অবস্থায় রয়েছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের নিমিত্তে আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠান/ এজেন্সীদের নিকট হতে সাদা কাগজে/প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, স্বাক্ষরসহ সীল মোহরকৃত খামে নিম্নোক্ত শর্তস্বাপেক্ষে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	বিবরণ	পরিমাণ	উদ্ধৃত মূল্য	
			একক মূল্য	মোট মূল্য
০১	প্যাকিং কাঠ এবং কন্ডাকটরের খালি ড্রাম (জ্বালানী হিসাবে ব্যবহারযোগ্য)	৬০ মণ		


মোট মূল্য =

কথায় =

শর্তাবলীঃ

- ০১। দরপত্র দাখিল ও খোলার তারিখ, সময় ও স্থানঃ দরপত্র আগামী ২৮/০৩/২০২৪ খ্রিঃ তারিখ রোজ রবিবার দুপুর ১১:০০ ঘটিকার মধ্যে (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (২) নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, চকবিরাম, নওগাঁয় রক্ষিত টেন্ডার ব্যাগে ফেলতে হবে এবং ঐ দিনেই ১১:৩৫ ঘটিকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। দরপত্রের সাথে দরদাতাকে উদ্ধৃত মূল্যের ২৫% (শতকরা পঁচিশ ভাগ) নিরাপত্তা জামানত দাখিল করতে হবে। উক্ত নিরাপত্তা জামানত বাংলাদেশী যে কোন তফসীলি ব্যাংক হতে নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে দাখিল করতে হবে।
- ০৩। দরদাতাগণ ইচ্ছা করলে অত্র পবিসে রক্ষিত নিলামযোগ্য মালামালসমূহ দরপত্র দাখিলের পূর্বে যে কোন দিন অফিস চল্যাকালীন পরিদর্শন করতে পারবেন।
- ০৪। আগ্রহী দরদাতাগনকে আবেদনের মাধ্যমে দরপত্র ও জামানত দাখিল করতে হবে। দাখিলকৃত দরদাতাকে খামের উপর স্পষ্টভাবে দরপত্রের নাম এবং খামের বাম পার্শ্বে দরদাতার নাম ও ঠিকানা লিখতে হবে। সর্বোচ্চ দরদাতাকে সফল দরদাতা বিবেচনা করা যেতে পারে।
- ০৫। পবিস কর্তৃক গৃহীত দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ৫ (পাঁচ) দিনের মধ্যে বাকী অর্থ নগদ জমা প্রদান করে মালামালসমূহ ডেলিভারী নিতে হবে। অন্যথায় দরপত্রের সাথে জমাকৃত নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত করা হবে।
- ০৬। কৃতকার্য সর্বোচ্চ দরদাতাকে সরকারী নিয়মানুযায়ী উদ্ধৃত মূল্যের উপর ১০% হারে উৎস কর এবং ৭.৫০% হারে মূল্য সংযোজন করসহ সমুদয় মূল্য পরিশোধ সাপেক্ষে নিজ ব্যয়ে মালামালসমূহ নিয়ে যেতে হবে (সরকার কর্তৃক কর ও ভ্যাট পরিবর্তন হলে তা পরিশোধ যোগ্য হবে)।

- ০৭। সকল শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে সর্বোচ্চ দরদাতাকে কৃতকার্য দরদাতা হিসাবে বিবেচনা করা হবে।
- ০৮। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে অত্র সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৯। কোন প্রকার কারন দর্শানো ছাড়াই যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।


(মোঃ রবিউল হক)
জেনারেল ম্যানেজার
নওগাঁ পবিস-১

অনুলিপিঃ- নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহঃ

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
(বিজ্ঞপ্তির শর্তানুযায়ী নির্ধারিত সময় পর্যন্ত দরপত্র গ্রহণের সদয় অনুরোধ করা হলো)
- ০২। পরিচালক, সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (সদয় অবগতির জন্য)
- ০৩। জেলা প্রশাসক/ পুলিশ সুপার, নওগাঁ।
- ০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বগুড়া জোন), বাপবিবো, বগুড়া।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নওগাঁ।
- ০৬। জেনারেল ম্যানেজার ----- পবিস ১/২/৩/৪।
- ০৭। সকল ডিজিএম, নওগাঁ পবিস-১।
- ০৮। এজিএম (অর্থ-হিসাব), নওগাঁ পবিস-১।
- ০৯। এজিএম (আইটি), নওগাঁ পবিস-১। (ওয়েব সাইটে প্রকাশ নিশ্চিতকরণের জন্য)
- ১০। মেসার্স -----
- ১১। নোটিশ বোর্ড/ওয়েবসাইট/অফিসকপি, নওগাঁ পবিস-১।

Zabeer
23-03-2024
(মোঃ জাহিউর রহমান জিম)
এজিএম (প্রশাসন)